**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-২)- ১০১৫৮- জে,

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ / ২৭ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: পাবনা জেলা জজ কোর্টের জারীকারক জনাব মোঃ আব্দুল মালেক-এর কন্যার ০২ টি কিডনী ৮০% নষ্ট হয়ে যাওয়ায় নতুন কিডনী প্রতিস্থাপনের চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্র : জেলা জজ এর কার্যালয়, পাবনা। স্মারক নং-৩৮৮ (জে); তারিখ: ২৫.০৯.২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আব্দুল মালেক জারীকারক তার আবেদনে উল্লেখ করেছেন যে, তার কন্যা মোছাঃ আমেনা খাতুন, পিতা-মোঃ আব্দুল মালেক, সাং-দক্ষিণ সাধুপাড়া, থানা ও জেলা- পাবনা, বয়স-২৪ বছর, পাবনা পলিটেকনিক কলেজে ইলেক্ট্রনিক্স বিষয়ে ডিপ্লোমা অধ্যায়নরত অবস্থায় জটিল কিডনী রোগে আক্রান্ত হয়। ঐ অবস্থাতেই সে অনেক কষ্টে ডিপ্লোমা পাস করেছে। তার অবস্থা বেগতিক হলে প্রথমে পাবনা জেনারেল হাসপাতালে এবং পরে ঢাকা কিডনী ফাউন্ডেশন, পাবনা ডিজিটাল ডায়াগনষ্টিক সেন্টার এবং সর্বশেষ ঢাকা কিডনী ইনষ্টিটিউট সেন্টারে চিকিৎসা দেওয়া হয়। পরবর্তীতে উন্নত চিকিৎসার জন্য চেন্নাই ভেলোর সি.এম.সি হাসপাতালে নিয়ে গেলে ডাক্তার অতিদ্রুত কিডনী ডায়ালাইসিস শুরু করে দেন এযাবৎ তার ১৬টি ডায়ালাইসিস সম্পন্ন হয়েছে। তিনি একজন গরীব মানুষ এবং ছোট একটা চাকরি করে জীবিকা নির্বাহ করেন। তার আয়ের আর কোন উৎস নেই এবং তার মেয়ের চিকিৎসা করাতে গিয়ে ইতোমধ্যে তিনি তার সর্বস্ব শেষ করেছেন। তার পক্ষে এই বিপুল পরিমান অর্থ খরচ করা তার মেয়ের চিকিৎসা করানো সম্ভব হচ্ছে না। কিন্তু তার মেয়ে বাঁচতে চায়। তার মেয়ের বেঁচে থাকার আকুতি দেখে তিনি পিতা হিসেবে তার কষ্ট সহ্য করতে পারছেন না। বর্ণিতাবস্থায়, তিনি বিচার বিভাগের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট জরুরী আর্থিক সাহায্যের জন্য বিনীত প্রার্থনা জানিয়েছেন।

২। এমতাবস্থায়, পাবনা জেলা জজ কোর্টের জারীকারক জনাব মোঃ আব্দুল মালেক-এর "কন্যার ০২ টি কিডনী ৮০% নষ্ট হয়ে যাওয়ায় নতুন কিডনী প্রতিস্থাপনের" চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদনপত্র প্রতিটি অধঃস্তন আদালতে প্রেরণপূর্বক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তাকে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

**সাহায্য পাঠানোর ঠিকানা**
**জনাব মোঃ আব্দুল মালেক**
**ব্যাংক হিসাব নং- ৪১১০০০২০৪১৮০২**
**সোনালী ব্যাংক লিমিটেড,**
**জেলা বোর্ড শাখা, পাবনা**
**বিকাশ নম্বর- ০১৭৪৬-৬১৮২৯৫**

স্বা:/-
(মুন্সী মোঃ মশিয়ার রহমান)
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-২)- ১০১৫৮ জে,

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ / ২৭ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------- ----------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, -------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, -----------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ---------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- --------------------- --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, -------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----------------------------------------- (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ----------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত -------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ........................ (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ................................................ (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।

(২–১৬:) প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের

১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-------------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,-------------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৭। অফিস কপি।

RRahaman 24.4.22

(রাশেদুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৮১৯৩২

H Super

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
প্রাপ্তি নং- তারিখ- 16 OCT 2022
ডেপুটি রেজিস্ট্রার........ | রেজিস্ট্রার জেনারেল এর অনুস্বাক্ষর | অতি জরুরী/জরুরী/প্রয়োজনীয় ব্যবস্থা নিন/উপস্থাপন করুন/সংশ্লিষ্ট নথিতে দিন/সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করুন/কথা বলুন।
সহকারী রেজিস্ট্রার বিচার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
জেলা জজের কার্যালয়, পাবনা
(ইংলিশ শাখা)

নং ৩৮৮ (জে) তারিখ ঃ ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

প্রেরক ঃ বেগম শামীম আহাম্মদ
সিনিয়র জেলা ও দায়রা জজ
পাবনা।

প্রাপক ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

বিষয় ঃ- জনাব মোঃ আব্দুল মালেক, জারীকারক, পাবনা কর্তৃক দাখিলকৃত আর্থিক সাহায্যের আবেদনপত্র অগ্রগামীকরণ প্রসঙ্গে।

সূত্র ঃ স্মারক নং-১০৪/নেজা, তারিখ ঃ-১৯-০৯-২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকের পরিপ্রেক্ষিতে এই জজশীপে কর্মরত জারীকারক, জনাব মোঃ আব্দুল মালেক, কর্তৃক দাখিলকৃত আর্থিক সাহায্যের আবেদনপত্র আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হইল।

আপনার অনুগত

[signature]

(বেগম শামীম আহাম্মদ-১৪৯)
সিনিয়র জেলা ও দায়রা জজ
২৫-০৯-২০২২ খ্রিঃ

সংযুক্তি ঃ

১। আবেদনপত্র-০১ (এক) পাতা।

বরাবর,

মাননীয় রেজিস্ট্রার জেনারেল,
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

মাধ্যমঃ মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ
পাবনা।

মাধ্যমঃ ভারপ্রাপ্ত জজ
নেজারত বিভাগ
জেলা জজ কোর্ট, পাবনা।

বিষয় ঃ আমার কন্যার ২টি কিডনী ৮০% নষ্ট হয়ে যাওয়ায় নতুন কিডনী প্রতিস্থাপনের জন্য আর্থিক সাহায্যের আবেদন।

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে, আমার কন্যা মোছাঃ আমেনা খাতুন, পিতা-মোঃ আব্দুল মালেক, সাং- দক্ষিণ সাধুপাড়া, থানা ও জেলা- পাবনা, বয়স- ২৪ বৎসর, পাবনা পলিটেকনিক কলেজে ইলেকট্রনিক্স বিষয়ে ডিপ্লোমা অধ্যায়নরত অবস্থায় জটিল কিডনী রোগে আক্রান্ত হয়। ঐ অবস্থাতেই সে অনেক কষ্টে ডিপ্লোমা পাস করে। তার অবস্থা বেগতিক হলে প্রথমে পাবনা জেনারেল হাসপাতালে এবং পরে ঢাকা কিডনী ফাউন্ডেশন, পাবনা ডিজিটাল ডায়াগনষ্টিক সেন্টার এবং সর্বশেষে ঢাকা কিডনী ইনষ্টিটিউট সেন্টারে চিকিৎসা দেওয়া হয়। পরবর্তীতে উন্নত চিকিৎসার জন্য চেন্নাই ভেলোর সি.এম.সি হাসপাতালে নিয়ে গেলে ডাক্তার অতিদ্রুত কিডনী ডায়ালোসিস শুরু করে দেন এযাবৎ তার ১৬টি ডায়ালোসিস সম্পন্ন হয়েছে। আমি একজন গরীব মানুষ এবং ছোট একটা চাকুরী করে জীবিকা নির্বাহ করি। আমার আয়ের আর কোন উৎস নেই এবং আমার মেয়ের চিকিৎসা করাতে গিয়ে ইতিমধ্যে আমি আমার সর্বস্ব খুইয়েছি। আমার পক্ষে এই বিপুল পরিমাণ অর্থ খরচ করে আমার মেয়ের চিকিৎসা করানো সম্ভব নয়। কিন্তু আমার মেয়ে বাঁচতে চায়। আমার মেয়ের বেঁচে থাকার আকুতি দেখে আমি পিতা হিসেবে তার কষ্ট সহ্য করতে পারছি না। এমতাবস্থায় আমার মেয়ের কিডনী চিকিৎসার জন্য আমার আর্থিক সাহায্যের একান্ত প্রয়োজন।

বিধায় প্রার্থনা, মহোদয় অনুগ্রহ পূর্বক আমার মেয়েকে বাঁচিয়ে রাখার শেষ চেষ্টা হিসাবে কিডনী প্রতিস্থাপন করার জন্য আপনার মাধ্যমে আপনার কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের নিকট থেকে এবং বাংলাদেশের সমস্ত বিচার বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীগণের ব্যক্তিগত ফান্ড থেকে আর্থিক সাহায্যের জন্য সার্বিক সহযোগিতা করতে আপনার সদয় মর্জি হয়।

বিকাশ নং - ০১৭৪৬-৬১৮২৯৫
ব্যাংক হিসাব নম্বর- ৪১১০০০২০৪১৮০২
সোনালী ব্যাংক, জেলা বোর্ড শাখা, পাবনা।

বিনীত নিবেদক
মোঃ আব্দুল মালেক

মোঃ আব্দুল মালেক
জারীকারক
সদর নেজারত বিভাগ
জেলা জজ কোর্ট, পাবনা।